দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 22 OCT 1998 ...
পৃষ্ঠা ৩ কলাম ৮

# কৃষি ভার্সিটির সাবেক ভিসি ডঃ ফারুকের দুর্নীতি তদন্তে কমিটি গঠিত

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ বিএনপি আমলে নিয়োগপ্রাপ্ত কৃষি বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ডঃ শাহ মোঃ ফারুকের দুর্নীতির তদন্ত হবে। শুক্রবার রাতে ঢাকায় অনুষ্ঠিত সিন্ডিকেটের এক সভায় এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে। দুর্নীতি তদন্তের জন্য সিন্ডিকেট সদস্য এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সভাপতি প্রফেসর ডঃ এটিএম জহুরুল হককে চেয়ারম্যান করে ৩ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটির অপর দু' সদস্য হলেন সিন্ডিকেট সদস্য ও সাবেক সংসদ সদস্য এ্যাডভোকেট এসকে জোবেদ আলী ও প্রফেসর ডঃ কামরুল হাসান (ডিন, ভেটেরিনারি অনুষদ)।

উল্লেখ্য, ডঃ ফারুকের বিরুদ্ধে অভিযোগ রয়েছে তিনি তাঁর মেয়াদকালে প্রায় সাড়ে ৩শ' নিয়োগ প্রদান করেছেন, এডহক ভিত্তিতে। কোন শূন্যপদ না থাকা সত্ত্বেও নিজস্ব লোকজনকে নিয়োগদানের জন্য তিনি এ পদক্ষেপ গ্রহণ করেন। নিয়োগে অনিয়ম ছাড়াও তাঁর আমলে তার বিরুদ্ধে নানাবিধ অনিয়মের অভিযোগ এনে তৎকালীন গণতান্ত্রিক শিক্ষক ফোরাম শ্বেতপত্র প্রকাশ করেছিল।

'৯৬ সালের ৯ নবেম্বর কো-অপারেটিভ মার্কেটে (বর্তমানে কেআর মার্কেট) সন্ত্রাসীদের এক চোরাগুপ্তা হামলায় মোঃ কামাল হোসেন (৩য় বর্ষ, ভেটেরিনারি) ও রণজিৎ কুমার সরকার (৩য় বর্ষ, কৃষি) নামে দু' মেধাবী ছাত্র নিহত হলে ক্যাম্পাস পরিস্থিতির দারুণ অবনতি ঘটে। পদত্যাগে বাধ্য হন উপাচার্য ডঃ ফারুক।